

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ২০০০

তারিখঃ ০১-০৮-২০১৯খ্রিঃ।

বিজ্ঞপ্তি

যে সকল পেনশনারের অবসরকালীন বয়স ১৫ বছর অতিক্রান্ত হয়েছে তাঁরা এই পুনঃস্থাপনের সুবিধা পাচ্ছেন। তবে শতভাগ পেনশন সমর্পণকারী পেনশনার মাসিক পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে, তাঁর বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত মাসিক পেনশনের এ সুবিধা প্রাপ্য হবেন কি-না সে বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের পত্রে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় এতদ্বিষয়ে সংশয় দেখা দিয়েছে। শতভাগ পেনশন সমর্পণকারী পেনশনারের ক্ষেত্রে পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত পেনশন/চিকিৎসাভাতা ও উৎসব ভাতা প্রাপ্য হবেন কিনা এ বিষয়ে সিদ্ধান্তের জন্য সিজিএ কার্যালয়ের পত্র নং -০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮-৯৫৭, তারিখঃ ২৬-০৬-২০১৯খ্রিঃ এর মাধ্যমে সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। মতামত প্রাপ্তির পর সকলকে অবহিত করা হবে।

স্বাক্ষরিত

(মোহাম্মদ মনিরুজ্জামান হাওলাদার)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)(অঃ দাঃ)


ফোনঃ ৯৩৬০৮৫৯।

তারিখঃ ০১-০৮-২০১৯খ্রিঃ।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ২০০০

অবগতি ও কার্যার্থে বিতরণ করা হলো :

- ১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
- ৩। ডিসিজিএ (সকল), সিজিএ কার্যালয়।
- ৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৬। অফিস কপি/গার্ড ফাইল।



(লাইলী বেগম)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

ফোনঃ ৯৩৫৬৫০১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ২৫৭

তারিখঃ ২৬-০৬-২০১৯খ্রিঃ।

বরাবর

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: উপ সচিব, বাস্তবায়ন অনুবিভাগ]

বিষয়ঃ শতভাগ পেনশন সমর্পণকারী মাসিক পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যুর কারণে বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তানের পুনঃস্থাপিত পেনশন/চিকিৎসা ভাতা ও উৎসব ভাতা প্রাপ্যতা সংক্রান্ত।

সূত্রঃ ১। ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭৪	তাং- ০৩/০৮/২০১৭ খ্রিঃ (কপি সংযুক্ত)।
২। ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮	তাং- ০৮/১০/২০১৮ খ্রিঃ (কপি সংযুক্ত)।
৩। অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/০৬	তাং- ১৫/০১/১৯৯৭ খ্রিঃ (কপি সংযুক্ত)।
৪। ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৩.১৮-১৩৮	তাং- ১৪/১১/২০১৮ খ্রিঃ (কপি সংযুক্ত)।
৫। সিএও/পিএফএম/আবেদন/সিদ্ধান্ত/৪০/১২৭	তাং- ১৪/১১/২০১৮ খ্রিঃ (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রস্থ ১নং পত্র মোতাবেক শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর মৃত্যুর পর তাঁর বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান আজীবন মাসিক চিকিৎসা ভাতা ও বছরে ০২ (দুই) টি উৎসব ভাতা প্রাপ্য হবেন।

০৩। সূত্রস্থ ০২ নং পত্র মোতাবেক শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্থাপন করা হয়েছে। যে সকল পেনশনারের অবসরকালীন বয়স ১৫ বছর অতিক্রান্ত হয়েছে তাঁরা এই পুনঃস্থাপনের সুবিধা পাচ্ছেন। তবে শতভাগ পেনশন সমর্পণকারী পেনশনার মাসিক পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে, তাঁর বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত মাসিক পেনশনের এ সুবিধা প্রাপ্য হবেন কি-না সে বিষয়ে সংশ্লিষ্ট পত্রে সুস্পষ্ট নির্দেশনা না থাকায় এতদ্বিষয়ে সংশয় দেখা দিয়েছে।

০৪। অবসর ভাতা ভোগরত অবস্থায় পেনশনারের মৃত্যুর পর পারিবারিক পেনশন কেইস নিষ্পত্তির ক্ষেত্রে সূত্রস্থ ৩ নং পত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এক্ষেত্রে বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ না হলে সূত্রস্থ ৪ নং পত্র মোতাবেক আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হন।

০৫। এমতাবস্থায়, শতভাগ পেনশন সমর্পণকারী পেনশনারের ক্ষেত্রে পেনশন পুনঃস্থাপনের সুবিধা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর বিধবা স্ত্রী/বিপত্তীক স্বামী ও প্রতিবন্ধী সন্তান পুনঃস্থাপনকৃত পেনশন/চিকিৎসাভাতা ও উৎসব ভাতা প্রাপ্য হবেন মর্মে এ কার্যালয় মনে করে। এ কার্যালয়ের উক্ত মতামত সঠিক কিনা সে বিষয়ে সদয় সিদ্ধান্ত প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোনঃ ৯৩৬০৮৫৯।

তারিখঃ ২৬-০৬-২০১৯খ্রিঃ।

স্মারক নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.৮৩৯.১৮- ২৫৭ (২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পেনশন এন্ড ফান্ড ম্যানেজমেন্ট, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

২। অফিস কপি/ গার্ড ফাইল।

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৬৫৬০১।